তারিখ 23 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক




শিবালয় (মানিকগঞ্জ): শিবালয়ের সদরউদ্দিন কলেজ জাতীয়করণের দাবিতে মানববন্ধন —ইত্তেফাক

# স্কুল-কলেজ সরকারিকরণের দাবিতে আন্দোলন অব্যাহত

■ ইত্তেফাক ডেস্ক

স্কুল-কলেজ জাতীয়করণের দাবিতে বিভিন্ন স্থানে শিক্ষার্থী, অভিভাবক ও এলাকাবাসী মানববন্ধনসহ বিভিন্ন কর্মসূচি পালন করেন। ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

## সৈয়দপুরে কলেজ জাতীয়করণের দাবি

অবকাঠামো, স্থাবর সম্পদ ও শিক্ষার্থীদের ফলাফল আশাব্যাঞ্জক হলেও জাতীয়করণ করা হচ্ছে উত্তরবঙ্গের ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ নীলফামারীর সৈয়দপুর কলেজকে। ফলে শিক্ষার্থী, শিক্ষক-শিক্ষিকা ও এলাকাবাসীর মাঝে ক্ষোভ বিরাজ করছে। ৬৪ বছরে পুরানো শিক্ষা প্রতিষ্ঠান ১৯৯টি কলেজ তালিকায় এবারেও স্থান মিলেনি।

বর্তমানে এই কলেজে দুই হাজারি ৪৩৯ জন শিক্ষার্থী পড়ালেখা করছে। পাঁচ বিষয়ে অনার্স কোর্স চালু রয়েছে। উদ্ভিদবিদ্যা, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান ও ইতিহাস বিষয়ে সম্মান শে ণিতে অধ্যয়ন করছে ৫৯১ জন শিক্ষার্থী। উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা এক হাজার ৮৪৩ জন। শিক্ষক কর্মচারী আছে ৫৯ জন। এর মধ্যে অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ পদে দুইজন, সহকারী অধ্যাপক ৯ জন, প্রভাষক ২৪ জন, শরীরচর্চা শিক্ষক একজন, প্রদর্শক তিনজন, লাইব্রেরিয়ান একজন, সহকারী লাইব্রেরিয়ান একজন। তৃতীয় শ্রেণির কর্মচারী চারজন ও চতুর্থ শ্রেণির কর্মচারী ১৪ জন রয়েছে।

কলেজের অধ্যক্ষ হাফিজুর রহমান হাফিজসহ সৈয়দপুরের বিশিষ্ট ব্যক্তিরা এ শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয়করণের জোর দাবি জানান।

## কাহারোল মহিলা ডিগ্রি কলেজ জাতীয়করণের দাবিতে স্মারকলিপি

দিনাজপুরের কাহারোল উপজেলার কাহারোল মহিলা ডিগ্রি কলেজ জাতীয়করণের প্রাথমিক তালিকা থেকে বাদপড়ায় উপজেলাবাসীর মাঝে হতাশা বিরাজ করছে। কাহারোল উপজেলা থেকে প্রায় ১৭ কিলোমিটার দূরে ১ নং ডাবোর ইউনিয়নে জয়নন্দ ডিগ্রি কলেজ প্রাথমিকভাবে তালিকাভুক্ত হওয়ায় উপজেলার শিক্ষক, ছাত্র-ছাত্রী, অভিভাবক, সুশীল সমাজের মানুষ আজ ফুঁসে উঠেছে। এর ফলে এলাকায় চলছে বিক্ষোভ মিছিল, মানববন্ধন, পথসভা, স্মারকলিপি পেশসহ অন্যান্য কর্মসূচি।

উপজেলা সদরে কোনো ডিগ্রি কলেজকে জাতীয়করণ ঘোষণা না দেওয়ায় কলেজ কর্তৃপক্ষ ও স্থানীয় বাসিন্দারা আগামীদিনে কঠিন কর্মসূচিও দিতে পারেন বলে জানিয়েছেন। গত বুধবার বিকাল ৪টায় কাহারোল মহিলা ডিগ্রি কলেজ জাতীয়করণের দাবি জানিয়ে দিনাজপুর অতিরিক্ত জেলা প্রশাসন (শিক্ষা ও তথ্য যোগাযোগ) মো. তৌহিদুল ইসলামের মাধ্যমে প্রধানমন্ত্রীর বরাবরে একটি স্মারকলিপি প্রদান করেছেন কলেজ কর্তৃপক্ষ। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কাহারোল মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোছা. আঞ্জুমান-আরা বেগম, উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আলহাজ মো. আশরাফুল হক, আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মো. ওসমানগনি, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সঞ্জয় কুমার মিত্র, উপজেলা আওয়ামী লীগের শিক্ষা বিষয়ক সম্পাদক প্রভাষক মো. মিজানর রহমান, অবসরপ্রাপ্ত প্রভাষক রঞ্জন কুমার রায় প্রমুখ।

## বিদ্যালয় জাতীয়করণের দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

নীলফামারী কিশোরীগঞ্জ বহুমুখি মডেল উচ্চ বিদ্যালয় জাতীয়করণের দাবিতে গত বৃহস্পতিবার ছাত্র-ছাত্রীরা অর্ধবার্ষিকী পরীক্ষা ছেড়ে বিক্ষোভ করেছে। বিদ্যালয়ের ১ হাজার ৩৯৯ জন ছাত্র-ছাত্রী ও শিক্ষক কর্মচারীরা এই কর্মসূচিতে অংশ নেন। ফলে ছাত্র-ছাত্রীদের অর্ধবার্ষিকী পরীক্ষা হবে কিনা তা অনিশ্চিত হয়ে পড়েছে।

১৯৩৯ সালে স্থাপিত বিদ্যালয়টি প্রতি বছর জে এস সি ও এস এস সি পরীক্ষায় ভালো ফলাফল করে আসছে। এ ছাড়া ২০১২ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত ১০০ ভাগ ছাত্র-ছাত্রী পাস করে আসছে।

## শিবালয়ে সদরউদ্দিন ডিগ্রি কলেজ সরকারিকরণ দাবি

মানিকগঞ্জ জেলার শ্রেষ্ঠ শিবালয় সদরউদ্দিন ডিগ্রি কলেজ জাতীয়করণের দাবিতে শিক্ষার্থী-অভিভাবক, শিক্ষক-কর্মচারী ও সচেতন এলাকাবাসী শান্তিপূর্ণ মানববন্ধনসহ নানা কর্মসূচি পালন অব্যাহত রেখেছে। গত বৃহস্পতিবার শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক-কর্মচারী ও এলাকাবাসী মানববন্ধন করেন। কলেজটি জাতীয়করণ করার দাবিতে অধ্যক্ষ ড. বাসুদেব কুমার দে শিকদার, প্রভাষক ড. উত্তম কুমার সরকার, অহিদুল ইসলাম, উজ্জ্বল কুমার চৌধুরী, শাহ আলম সাগর, বাদল মিয়া, আজাদ হোসেন, পরিচালনা পর্ষদ সদস্য নুর মোহাম্মদ খান, শিক্ষার্থী মাহবুব আলম, স্বর্ণালী চন্দ প্রমুখ বক্তব্য রাখেন।